**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

পাট অধিদপ্তর

সহকারী পরিচালকের কার্যালয়

দিনাজপুর।

**স্মারক নং-** ২৪.০১.২৭০০.০০১.০১৯.০৫.২০২২/ ১০১ তারিখঃ ১৬/০৪/২০২৪ খ্রি.

**বিষয়ঃ পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ এর ৫৩ আইন অনুযায়ী (ধান, গম, চাল, ভুট্টা, সার, চিনি, এবং উক্ত আইনের সংশোধিত ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতা বলে মরিচ, হলুদ, পেঁয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা, তুষ, খুদ, পোল্ট্রি ফিড, ফিস ফিড) পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ এর ৫৩ আইন" অনুযায়ী আপনার অটোরাইস মিলে/প্রতিষ্ঠানে উপরে উল্লেখিত পণ্য সমূহে পাটজাত মোড়ক ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো। কোন ভাবেই চালের উপর প্লাস্টিক ব্যাগ ব্যবহার করা যাবেনা।

গত ২৯/০২/২০২৪ হতে ০২/০৪/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উপসচিব (পাট-৩) মহোদয়ের নেতৃত্বে গঠিত টিম আপনার প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনকালে চালের উপর প্লাস্টিক ব্যাগের উপস্থিতির প্রমান পান। ইতোপূর্বে নিম্নসাক্ষরকারী এ বিষয়ে আপনাকে একাধিকবার লিখিত নোটিশ এবং মৌখিকভাবে প্লাস্টিক ব্যাগ ব্যবহার বন্ধের জন্য অনুরোধ করেছেন। কিন্তু বিষয়টি অগ্রাহ্য করে আপনি উল্লেখিত আইন লঙ্ঘন করে চালের উপর পাটের ব্যাগের বদলে প্লাস্টিক ব্যাগ ব্যবহার করে জনস্বার্থ ক্ষুন্ন করেছেন। এমতাবস্তায় বিষয়টি নিয়ে শেষ বারের জন্য আপনাকে সতর্ক করা হলো।

চালের উপর প্লাস্টিক ব্যাগের ব্যবহার করলে পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ এর ৫৩ নং আইনের ১৮ নং ধারা অনুযায়ী আপনার বিরুদ্ধে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টে মামলা দায়ের করা হবে।

23/04/2024

মোঃ মোশাররফ হোসেন
**সহকারী পরিচালক**
পাট অধিদপ্তর, দিনাজপুর।

প্রাপকঃ.........................................
.........................................
.........................................।